

## আম উৎসবে হাজির আমজনতা

Updated: Jun 16, 2017, 01:02AM IST



ছবি: শুভজিত&znj; চন্দ্র।

**এই সময় ডিজিটাল ডেস্ক:** গত কাল থেকে শুরু হয়েছে পশ্চিমবঙ্গ আম উৎসব। এমনিতেই বাঙালির অত্যন্ত পছন্দের ফল আম। তার ওপর এক সঙ্গে একই ছাদের নীচে এত রকমের আম দেখে আর চেখে আত্মহারা সকলে। মিলন মেলা প্রাঙ্গণে অনুষ্ঠিত এই মেলা চলবে আগামী ১৮ তারিখ পর্যন্ত।

চলতি বছরে আমের ফলন আশানুরূপ হয়েছে। ফলন প্রায় ২৮ লক্ষ মেট্রিক টন। রপ্তানিও বেড়েছে ৪০ শতাংশ। ইউরোপিয়ান ইউনিয়নের বিভিন্ন দেশ যেমন ইতালি, UK-এর বাজারে মিলছে বাঙলার আম। এ বছর হংকংয়ের বাজারে পৌঁছে গিয়েছে। পশ্চিমবঙ্গ খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তর এবং ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স একযোগে এই মেলার আয়োজন করেছে।

অনুষ্ঠানের উদ্বোধনে উপস্থিত পশ্চিমবঙ্গের মাননীয় মন্ত্রী আব্দুল রেজ্জাক মোল্লা, পঞ্চায়েতমন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়, মতস্যতমন্ত্রী চন্দ্রনাথ সিনহা, কৃষিদপ্তরের উপদেষ্টা পি কে মজুমদার, ইন্ডিয়ান চেম্বার অফ কমার্সের ডিরেক্টর ড. রাজীব সিং প্রমুখ।